গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব শাহ রেজওয়ান হায়াত, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৮ মার্চ ২০২৩
সময় : বেলা ১২:০০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস কনফারেন্স হল (নিচ তলা)

**আলোচ্য বিষয়:**

১। মাঠপর্যায়ে সুশাসন ও শুদ্ধাচার নিশ্চিতকরণে গৃহীত পদক্ষেপের অগ্রগতি বিষয়ক আলোচনা;
২। মাঠপর্যায়ে সুশাসন ও শুদ্ধাচার নিশ্চিতকরণে নতুন কার্যক্রম গ্রহণ সংক্রান্ত আলোচনা;
৩। তথ্য অধিকার আইন/জিআরএস বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে অংশীজনের মতামত;
৪। বিবিধ।

(সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত)

মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সঞ্চালনায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৩ কার্যক্রমে সুশাসন প্রতিষ্টার নিমিত্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে একটি করে অবহিতকরণ সভা আয়োজন করা হচ্ছে। সভায় মাঠ পর্যায়ের বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ, অন্যান্য পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, এস. এম. সির সভাপতিসহ অংশীজনের সাথে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা ও অংশীজনের মতামত গ্রহণ করা হয় এবং অতিরিক্ত মহাপরিচালকবৃন্দ ও পরিচালকবৃন্দ আলোচ্য বিষয়গুলোতে সরকারের বিভিন্ন ধরনের নির্দেশনা এবং করণীয় সম্পর্কে আলোকপাত করেন। আলোচনায় অংশগ্রহণকারীগণ এন ও সি প্রদান, বহি: বাংলাদেশ ছুটি মঞ্জুরি, উচ্চশিক্ষা গ্রহণ, অর্জিত ছুটি, চাকুরি স্থায়ীকরণ, অনলাইনে শিক্ষক বদলি, উপবৃত্তি প্রদান, অবকাঠামো উন্নয়ন, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা জোড়দারকরণ, ছাত্র-ছাত্রীদের শিখন ঘাটতি পূরণে কিভাবে পড়ালেখার মান বৃদ্ধি করা যায় ইত্যাদি বিষয়ে সমস্যাবলি নিয়ে আলোচনা করেন। এছাড়া নিয়মিত সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে অংশীজনকে অবহিত করাসহ সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবাসমূহ নিশ্চিত করা হচ্ছে কিনা সে বিষয়ে সভাপতি জানতে চাইলে বিভাগীয় উপপরিচালক, ঢাকা জানান যে, তাঁর বিভাগের প্রতি ত্রৈমাসিকে সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে অংশীজনকে অবহিত করা হচ্ছে এবং সিটিজেনস্ চার্টারে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। সভায় আলোচনা ও মতামতের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | অংশগ্রহনকারীর নাম, পদবী ও কর্মস্থল | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মাঠপর্যায়ে সুশাসন ও শুদ্ধাচার নিশ্চিতকরণে গৃহীত পদক্ষেপের অগ্রগতি বিষয়ক আলোচনা; | শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠায় স্ব স্ব দপ্তরের সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে অংশীজনকে অবহিতকরণ এবং নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ব্যর্থতায় দায়ী কর্মকর্তাদের জবাবদিহিতার আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাঠপর্যায়ে আর্থিক শৃঙ্খলা বজায় রাখতে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত বরাদ্দ বিধি সম্মতভাবে ব্যয় এবং ব্যয়ত্তোর ভাউচারসমূহ সংরক্ষণ ও সমন্বয় করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোনোভাবেই যাতে সরকারি অর্থের অপচয় না ঘটে সে বিষয়ে কর্মকর্তাদের সজাগ থাকতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। আর্থিক ক্ষেত্রে সরকারি নীতিমালা শতভাগ অনুসরণ করতে হবে।<br>বাস্তবায়ন: কর্মকর্তা (সকল)। |
| ২ | মাঠপর্যায়ে সুশাসন ও শুদ্ধাচার নিশ্চিতকরণে নতুন কার্যক্রম গ্রহণ সংক্রান্ত আলোচনা; | ছাত্র-ছাত্রীদের মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রতিটি অধ্যায় শেষে ধারাবাহিক মূল্যায়ন অব্যাহত রাখা এবং দুর্বল শিক্ষার্থী চিহ্নিত করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে শিক্ষক/কর্মকর্তাগণ সভায় মতামত ব্যক্ত করেন। শিক্ষা | শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে শিক্ষকগণকে সর্বদা সচেষ্ট থাকতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় |

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখতে বিভাগীয় উপপরিচালক, খুলনা সভায় শিক্ষকমন্ডলী ও সভাপতিগণের দৃষ্টি আকর্ষন করেন। | শিক্ষার্থীদের নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)। |
| ৩ | তথ্য অধিকার আইন/ জিআরএস বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে অংশীজনের মতামত; | ক) তথ্য অধিকার আইন অনুসরণ করে তথ্য সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে মর্মে সভায় বিভাগীয় উপপরিচালক ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ জানান। তথ্য প্রদান সংক্রান্ত কোনো বিষয়ে জটিলতা দেখা দিলে অধিদপ্তরের ফোকাল কর্মকর্তার সাথে আলোচনা করে তা নিষ্পন্ন করা হচ্ছে মর্মে সভায় বিভাগীয় উপপরিচালকগণ অবহিত করেন।<br>খ) সভায় পরিচালক (প্রশাসন) জানান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি আর এস) এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হচ্ছে এবং সমন্বিত প্রতিবেদন প্রতি ত্রৈমাসিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | ক) তথ্য অধিকার আইন অনুসরণ করে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।<br>খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি আর এস) এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করে আবেদনকারীকে অবহিত করতে হবে।<br>বাস্তবায়ন: সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তা। |

৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সর্বক্ষেত্রে সুশাসন নিশ্চিত করতে সকলের সম্মিলিত প্রচেষ্টায় সমস্যাগুলো দ্রুত সমাধানের উদ্যোগ নিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/শিক্ষকদের অনুরোধ জানান। তিনি সরকারের বিভিন্ন নির্দেশনা/পরিপত্র/ নীতিমালা সঠিকভাবে মেনে কাজ করতে কর্মকর্তাদের আহবান জানান। তিনি বলেন মাঠপর্যায়ের সমস্যাগুলো নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর অবহিত আছে এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে তা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেয়া হচ্ছে। তিনি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নে আরো সচেষ্ট হওয়ার জন্য বিভাগীয় উপপরিচালকদের নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

২৩/০৩/২০২৩

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৬.২২-৮৩ তারিখ: চৈত্র, ১৪২৯ / ৩০ মার্চ, ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, (সকল)/ উপপরিচালক (সংস্থাপন)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে জাতীয় শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ।
৩. জনাব -----------------------------------------------, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, এস.এম. সির সভাপতি/সদস্যগণ, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ( মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

৩০/৩/২০২৩

মোছাম্মদ রোখসানা হায়দার
শিক্ষা অফিসার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬ ।